মেহেরপুরে জাসদের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) এর ৪৯ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। মেহেরপুর জেলা জাসদের আয়োজনে রবিবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষ্যে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জাসদ নেতা আব্দুর রহিম। জাতীয় যুব জোট মেহেরপুর জেলা শাখার সভাপতি নুরু-উছ-সাফা প্লাবনের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু। এসময় তিনি বলেন,
১৯৭২ সালের ৩১ অক্টোবর রাজধানীর পল্টন ময়দানে এক জনসভার মাধ্যমে সমাজব্যবস্থা তথা বৈজ্ঞানিক সমাজতন্ত্র প্রতিষ্ঠার স্লোগান নিয়েই দলটির আত্মপ্রকাশ। নানা আন্দোলন সংগ্রামে, উত্থান-পতনের মধ্য দিয়ে দলটি এ পর্যন্ত এসেছে।
বাংলাদেশের উত্থান-পতনের সঙ্গে জাসদ ওতপ্রোতভাবে জড়িত। সামরিক শাসন, সাম্প্রদায়িক অপশক্তিসহ নানা অভিজ্ঞতার মধ্য দিয়ে যাওয়ায় জাসদের নিরবচ্ছিন্ন অগ্রযাত্রা সম্ভব হয়নি।

তিনি আরও বলেন, মুক্তিযুদ্ধের চেতনাকে এগিয়ে নিতে হলে সমাজতন্ত্র ও বলিষ্ট অসাম্প্রদায়িকতার বিকল্প নেই। জাসদ মনে করছে, সমাজতন্ত্রের ঝাণ্ডা হাতে দুর্নীতির বিরুদ্ধে, অসাম্প্রদায়িকতার বিরুদ্ধে এবং মুক্তিযুদ্ধের পক্ষে সংগ্রাম অব্যাহত রাখবে।

আলোচনা সভায় জেলা, উপজেলা জাসদ ও জাতীয় যুব জোটের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

শৈলকুপায় পরিত্যাক্ত সামগ্রী

দিয়ে গ্রামের যুবকরা তৈরী করলো জিম

ঝিনাইদহের শৈলকুপায় পরিত্যাক্ত সামগ্রী দিয়ে গ্রামের একদল যুবক তৈরী করছে জিম ও জিমের যন্ত্রপাতি।উপজেলার শ্রীপুর গ্রামের শরীরচর্চার এমন সৃজনশীল কর্মযজ্ঞ সাড়া ফেলেছে এলাকার সাধারণ মানুষের মাঝে । এমবিএ করা এই তরুণ উদ্যোক্তার নাম এপি পলাশ। সে উপজেলার শ্রীপুর গ্রামের আব্দুল আজিজের ছেলে।

সরেজমিনে দেখা যায়,হাতের কাছে ছড়িয়ে-ছিটিয়ে থাকা ইট-বালি, মাটি-সিমেন্ট, পাস্টিকের পাইপ, বোতল, গাছের ডাল, বাঁশ-খুঁটি সহ পরিত্যাক্ত সব সামগ্রী হলো জিমের সরঞ্জাম।এসব দিয়ে গ্রামে বসেই একদল তরুণ ভিন্ন আঙ্গিকে তৈরী করেছে ডাম্বেল, বারবেল, পুলআপ বার, দঁড়িলাফ সহ আধুনিক জিম বা ব্যায়ামাগারের সব যন্ত্রপাতি।কোমলপানীয়র পরিত্যাক্ত বোতলে বালু পুরে তৈরী করা হয়েছে বারবেল । ইট- সিমেন্ট আর বাঁশ দিয়ে বানানো হয়েছে ডাম্বেল।দঁড়ি, টায়ার, বাঁশ দিয়ে বানানো পুলআপ বার। সাইকেলের পুরাতন টিউ দিয়ে তৈরী করা হয়েছে রেসিস্টেন্ট ব্যান্ড।টেকনোলজিকে টেক্কা দিয়ে কোন রকম অর্থ বা পয়সা-কড়ি ছাড়াই তৈরী করা হচ্ছে ভারী ব্যায়ামের এসব যন্ত্রপাতি।
শরীর-মন সুস্থ্য রাখতে ২ বছর ধরে এমন সৃজনশীল আর চাঞ্চল্যকর কর্মযজ্ঞ চালিয়ে নিয়মিত শরীর চর্চার মাধ্যমে সুঠাম আর সু- স্বাস্থ্যের অধিকারী হয়ে সাড়া ফেলেছে ।এভাবে শরীর ফিট রাখার সব যন্ত্রপাতি আর কলাকৌশল রপ্ত করেছে তারা। আর এসব দিয়েই গ্রামটির যুবসমাজের বড় একটি অংশ ২ বছর ধরে নিয়মিত করে চলেছে শরীরচর্চা। প্রতিদিন শারীরিক পরিশ্রমে শরীর গঠনের পাশাপাশি এসব তরুণদের রোগ-প্রতিরোধ ক্ষমতাও বৃদ্ধি করছে বহুগুণে।
শ্রীপুর গ্রামের বসির উদ্দিন বলেন,এমন উদ্যোগে আমরা উচ্ছাসিত এলাকার সচেতন মহল। ব্যায়ামাগার বা জিম এক্সারসাইজ যন্ত্রপাতির কোনটার কত ওজন বা সঠিক হচ্ছে কি না তাও মাপঝোক করে শরীরের ধরণ অনুযায়ী ব্যায়াম সহ এসব নিয়ে নিয়মিত পড়াশোনা সহ প্রশিক্ষনের পাশাপাশি ইউটিউব কনটেন্ট দেখে তরুণদের বডি বিল্ডিংয়ে উদ্যোগ নেয় এরা। এই উদ্যোগ এর মাধ্যমে এলাকার তরুণরা উপকৃত হবে।
উদ্যোক্তা এপি পলাশ বলেন, উপজেলা শহর এমন কি অনেক জেলা শহরেও পর্যাপ্ত ব্যায়ামাগার নাই। আর বৈশ্বিক মহামারী করোনার কারণে

মানুষের স্বাভাবিক জীবনযাত্রাতেও এসেছে স্থবিরতা। এমন পরিস্থিতি বিবেচনা করে আমি এমন উদ্যোগ গ্রহন করেছি।আশা করি একদিন বাংলাদেশের প্রতিটা গ্রামে এমন জিম-ব্যায়ামাগার গড়ে উঠবে।

শৈলকুপা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ওয়াহিদুজাজামান ইকু বলেন, এটা একটি সুন্দর উদ্যোগ। এই জিম সস্পর্কে আমি কিছু জানি না। আমার কাছে কেউ সহযোগীতা চাইলে উপজেলা ক্রীড়া সংস্থার পক্ষ খেকে সাধ্যমত চেষ্টা করবো।

চুয়াডাঙ্গায় ই-কমার্স প্রতিষ্ঠান আদিয়ান মার্টের সিইও সহ গ্রেফতার -৪

চুয়াডাঙ্গায় সদর আলোচিত ই-কমার্স প্রতিষ্ঠান আদিয়ান মার্টের প্রধান কার্যালয় চুয়াডাঙ্গার মোমিনপুরে অভিযান চালিয়েছে র্যাব। এসময় কোম্পানীর সিইও জুবায়েরসহ ৪ জনকে গ্রেফতার করা হয়।

শনিবার সকাল সাড়ে এগারোটার সময় ঝিনাইদহ র্যাব-৬ এর কার্যালয়ে সংবাদ সম্মেলনের মাধ্যমে র্যাব এ তথ্য জানায়। গ্রেফতারকৃতরা হলেন-আদিয়ান মার্টের সিইও জুবায়ের সিদ্দিকী, তার বাবা আবু বক্কর সিদ্দিকী, ভাই রতন সিদ্দিকী ও ম্যানেজার মিনারুল ইসলাম।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার মেজর শরিফুল আহসান জানান, শুক্রবার বিকেলে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা সদর উপজেলার মোমিনপুর গ্রামে অবস্থিত ই-কমার্স প্রতিষ্ঠান আদিয়ান মার্টে অভিযান চালানো হয়। প্রথমে আদিয়ান মার্টের প্রধান কার্যালয় ঘিরে রাখা হয়। পরে প্রতিষ্ঠানটির সিইও জুবায়েরকে খুলনা থেকে গ্রেফতার করা হয়।

চুয়াডাঙ্গা থেকে গ্রেফতার করা হয় জুবায়েরের বাবা আবু বক্কর সিদ্দিকী, ভাই রতন সিদ্দিকী ও ম্যানেজার মিনারুল ইসলামকে। তিনি আরো জানান, নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে আমরা অভিযান পরিচালনা

করেছি।

প্রতিষ্ঠানটির বিরুদ্ধে গ্রাহকদের টাকা প্রতারণাসহ বেশ কয়েকটি মামলা রয়েছে। আমাদের কাছে তাদের বিরুদ্ধে এখন পর্যন্ত প্রায় ৭ কোটি টাকা আত্নসাতের অভিযোগ রয়েছে।

জীবননগরে কমিউনিটি পুলিশিং ডে-পালিত

জীবননগরে কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটি আয়োজনে “মুজিববর্ষে পুলিশ নীতি,জনসেবা আর সম্প্রীতি” এই স্লোগানে পালিত হয়েছে কমিউনিটি পুলিশিং ডে-২০২১ এ উপলক্ষে শনিবার এক র্যালী অনুষ্ঠিত হয়।

র্যালীটি জীবননগর উপজেলা চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান গোলাম মোর্তুজা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেনে জীবননগর উপজেলাপরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ লতিফ অমল,পৌর মেয়র রফিকুল ইসলাম,পৌর আওয়ামীলীগের সভাপতি মুন্সী নাসির উদ্দিন, উপজেলা ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, ।

উল্লেখ, সরকারি এই কর্মসূচীতে সাংবাদিকসহ বিভিন্ন সামাজিক সংগঠনের নেতৃবৃন্দকে দাওআত না দেওয়ায় ক্ষোভের সৃষ্টি হয়েছে। এব্যাপারে জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু বলেন, শুধু এই অনুষ্ঠানই নয়,অন্যান্য ব্যপারেও সাংবাদিকদের তথ্য দিতে বর্তমান ওসি আব্দুল খালেক গড়িমসি করে আসছে। কোনো কোনো ক্ষেত্রে ঘটনার অনেক পরে থানার ফেসবুক আইডিতে তথ্য প্রদান করে থাকেন।

জীবননগরে সাংবাদিক মিঠুন মাহমুদের জন্মদিন পালিত

জীবননগরে সাংবাদিক মিঠুন মাহমুদের ২৮তম জন্মদিন পালিত হয়েছে। শনিবার বিকাল সাড়ে ৪টার সময় সেচ্ছাসেবী সংগঠন ইয়ুথ এ্যাসেম্বলী ও সমৃদ্ধি যুব ফোরামের উদ্যোগে সেচ্ছাসেবী সংগঠন ইয়ুথ এ্যাসেম্বলী, জীবননগর বন্ধু ফাউন্ডেশন (জেবিএফ)এর জীবননগর উপজেলার সভাপতি, দৈনিক সময়ের সমীকরণ, দৈনিক আমার সংবাদ এবং মাই টিভির প্রতিনিধি মিঠুন মাহমুদের জন্মদিন পালন করা হয়।

এ সময় ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আরীম সজল, ওয়েভ ফাউন্ডেশনের এস,ডি,ও সাজ্জাদ হোসেন, পাপিয়া খাতুন, স্বপ্না খাতুন, প্রলয়, যুব ফোরামের জিল্লু, হাসান নিলয়, ইয়ুথ এ্যাসেম্বলীর তুহিনুজ্জামান, ঐশ্বয সাহা, জীবননগর বন্ধু ফাউন্ডেশনের মফিজুল ইসলাম, সাদিয়া ইসলাম মাহিসহ কেডিকে ইউনিয়ন, সীমান্ত ইউনিয়ন, মনোহরপুর ইউনিয়ন ও উথলী ইউনিয়নের বিভিন্ন সেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।

জীবননগর হাইস্কুলে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

জীবননগর থানা পাইলট বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১০টার সময় জীবননগর থানা পাইলট বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জীবননগর থানা পাইলট বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক আবু ছালেহ মোহাম্মদ মুসার সভাপতিত্বে অভিভাবক সমাবেশে প্রধান

অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, স্কুল কমিটির সভাপতি শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু।

এ সময় উপস্থিত ছিলেন স্কুলের শিক্ষক আব্দুস সামাদ,মতিয়ার রহমানসহ বিদ্যালয়ের, সহকারি শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকগন উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে উদযাপন

‘মুজিববর্ষে পুলিশ নীতি, জনসেবা আর সম্প্রীতি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে কমিউনিটি পুলিশিং ডে উদযাপিত হয়েছে।
জেলা পুলিশের আয়োজনে শনিবার সকালে সদর থানা চত্বর থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। এতে জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তাসহ কমিউনিটি পুলিশিং কমিটির নেতৃবৃন্দ অংশ নেয়। শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে সদর থানা চত্বরে আলোচনা সভার আয়োজন করা হয়।

কমিউনিটি পুলিশিং কমিটির প্রধান সমন্বয়ক অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন জেলা কমিউনিটি পুলিশিং কমিটির সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, জেলা কমিউনিটি পুলিশিং কমিটির সভাপতি সাধারণ সম্পাদক কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল। অনুষ্ঠান সার্বিক তত্বাবধানে ছিলেন সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা।

আলোচনা সভায় বক্তারা সমাজ থেকে অন্যায়, অপরাধ দুর করতে কমিউনিটি পুলিশিং এর সহযোগিতা ও কমিটিকে সহায়তা করতে সকলের প্রতি আহ্বান জানান। আলোচনা সভা শেষে কমিউনিটি পুলিশিং কর্মকান্ডে অবদান রাখায় হরিণাকুন্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেনসহ ২ জনকে সম্মাননা প্রদাণ করা হয়।

এক কোটির ৭৫ লাখই বিতরণ কর্মকর্তার উপজেলাতে

কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে দেশজ ও আমদানি বিকল্প রপ্তানীমুখী পণ্য উৎপাদনে সহায়তাকরণের লক্ষ্যে প্রণোদনা দিয়েছে সরকার। সেই “ প্রণোদনা প্যাকেজ ঋণ কর্মসূচি” প্রকল্পে এলাকা বৈষম্য, আত্মীয়করণ ও নীতিমালা না মানার অভিযোগ উঠেছে মেহেরপুর বিসিক ঋণ কমিটির বিরুদ্ধে। তবে বিসিক কর্মকর্তাদের দাবি ঋণ বিতরণে কোন স্বজনপ্রীতি বা বৈষম্য করা হয়নি।
খোঁজ নিয়ে জানা গেছে, কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ কুটির, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের সহায়তার লক্ষ্যে মেহেরপুর বিসিকের অনুকুলে এক কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়। ঋণ কর্মসূচি কমিটিতে মেহেরপুর বিসিকের উপ-ব্যবস্থাপক আশানুজ্জাান,সভাপতি শিল্প নগরী কর্মকর্তা শেখ সাইফ আহমেদ সদস্য সচিব এবং হিসবারক্ষক সাদ্দাম হোসেন ছিলেন সদস্য।
বরাদ্দের টাকা প্রথমে ফেরৎ পাঠানোর চিন্তা করলেও স্থানীয় ব্যবসায়ী নেতাদের আহবানে সে ঋণ বিতরণ করা হয়। অল্প সময়ের মধ্যে তড়িঘড়ি করে ঋণ বিতরণে কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ ক্ষেত্রে ঋণ কর্মসূচির বিষয়টি প্রচারণার ঘাটতির কারণে অনেক উদ্যোক্তা আবেদনও করতে পারেননি। যারা আবেদন করেছেন তাদের অনেককে ঋণ দেওয়া হয়নি বলে অভিযোগ উঠেছে। বিসিক শিল্প নগরীর ব্যবস্থাপক ও প্রণোদনা ঋণ কমিটির সভাপতি আশানুজ্জামান মেহেরপুরের গাংনী উপজেলার মটুমড়া গ্রামের বাসিন্দা। যে কারণে নিজ গ্রামসহ তাঁর উপজেলাতেই তিন চতুথাংশ ঋণ বিতরণ করেছেন এমন অভিযোগ উঠেছে।
প্রণোদনা প্যাকেজ ঋণ কর্মসূচির তালিকা বিশ্লেষণ করে দেখা গেছে, মেহেরপুরের তিন উপজেলা ও বিসিক শিল্প নগরী মিলে ৪৫টি প্রতিষ্ঠানকে ৯৯ লাখ ৯৯ হাজার টাকা প্রণোদনা ঋণ বিতরণ করা হয়েছে। যার মধ্যে গাংনী উপজেলার ৩০টি প্রতিষ্ঠানকে দেওয়া হয়েছে

চুয়াডাঙ্গায় কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

“মুজিব বর্ষে পুলিশ নীতি” জনসেবা আরও সম্প্রীতি- এই স্লোগান কে সামনে রেখে চুয়াডাঙ্গা বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে পালিত হলো চুয়াডাঙ্গায় কমিউনিটি পুলিশিং-ডে।

শনিবার সকাল সাড়ে দশটার সময় এ উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি থানা চত্বর থেকে বের করা হয়। র্যালিটি চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বর থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে কালেক্টর স্কুল এন্ড কলেজ মাঠে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক এর স্বাগত বক্তব্যে দেন।

কমিউনিটি পুলিশং ডে অনুষ্ঠানে চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফের প্রাণবন্ত উপস্থাপনায় এবং চুয়াডাঙ্গা পুলিশ সুপার ও প্রধান উপদেষ্টা কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটি মোঃ জাহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,এক সময় মানুষের ধারনা ছিল থানা পুলিশের কাছে আসা সম্ভব নয়, আজ সেই ধারণা পাল্টে গেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কমিউনিটি পুলিশিংয়ের স্বীকৃতি দিয়ে সাধারণ মানুষের সাথে পুলিশের দূরত্ব কমিয়ে দিয়ে বন্ধুত্ব বাড়িয়ে দিয়েছেন। পুলিশের সাথে জনগণের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলার পদক্ষেপ নিঃসন্দেহে প্রশংসনীয় উদ্যোগ।পুলিশ এখন জনগণের বন্ধু হিসেবে কাজ করে। দেশের মুক্তিযুদ্ধ থেকে শুরু করে দেশের সকল প্রেক্ষাপটের পুলিশের ভূমিকা অনস্বীকার্য।করোনাকালীন সময়ে প্রথম সারির সম্যক যোদ্ধা হিসেবে কাজ করেছে এই পুলিশ সদস্যরা।

অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজি আলী আজগার টগর, এ সময় তিনি বলেন, পুলিশ জনগণের শান্তি-শৃঙ্খলা মাদক বাল্যবিবাহ ইভটিজিং জঙ্গি সন্ত্রাসী দমনসহ সমাজের সকল প্রকার অন্যায় এবং অবিচারের বিরুদ্ধে কঠোর ভাবে অবস্থান করছে বাংলাদেশ পুলিশ। বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে পুলিশ সদস্যরা বিশেষভাবে ভূমিকা পালন করছে।

অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) সাজিয়া আফরিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির আহ্বায়ক ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর কামরুজ্জামান, সদস্য সচিব মোঃ মনিরুজ্জামান, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার
(সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মহসীন- পিপিএম(বার), সেভেন ওয়ান গ্রুপের চেয়ারম্যান আব্দুল লতিফ খান যুবরাজ, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান চুয়াডাঙ্গা কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির নেতৃবৃন্দ, চুয়াডাঙ্গা জেলা পুলিশের অফিসার বৃন্দ ও ও বিভিন্ন স্থান থেকে আগত সাধারণ জনগণবৃন্দ।

বুড়িপোতা ইউপি সদস্য পদে মনোনয়নপত্র জমা দিলেন হুসাইন মিয়া

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশ নিতে ৩নং ওয়ার্ডে ইউপি সদস্য পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন হুসাইন মিয়া ।

শনিবার দুপুরে উপজেলা পরিষদে নির্বাচন কার্যালয়ে মনোনয়নপত্র জমা দেওয়ার সময় কর্মী-সমর্থকেরা প্রার্থীর পাশে থাকতে চান হুসাইন মিয়া । পরে হুসাইন মিয়া রিটার্নিং অফিসার কবির উদ্দীনের কাছে তার